**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date:- 03-10-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা. মানিক সাহা আগামীকাল বিকেল ৫ টায় আগরতলায় মায়ের গমন অনুষ্ঠানের উদ্বোধন করবেন।**

**(২) মায়ের গমন অনুষ্ঠান উপলক্ষে আগামীকাল দুপুর থেকে আগরতলা শহরে যানবাহন নিয়ন্ত্রণে নির্দেশিকা জারি করা হয়েছে।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল ৬২,000 কোটি টাকারও বেশি মূল্যের বিভিন্ন যুব-কেন্দ্রিক উদ্যোগের সূচনা করবেন।**

**(৪) আগামী ২৪ ঘন্টায় পশ্চিম জেলা, সিপাহীজলা ও দক্ষিণ জেলাতে ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর।**

*******************************************************

**Mayer Gaman- No Entry:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা. মানিক সাহা আগামীকাল বিকেল ৫ টায় আগরতলায় তুলসীবতী বালিকা বিদ্যালয়ের সামনে মায়ের গমন অনুষ্ঠানের উদ্বোধন করবেন। মায়ের গমন অনুষ্ঠান উপলক্ষে আগামীকাল আগরতলা শহরে যানবাহন নিয়ন্ত্রণে নির্দেশিকা জারি করা হয়েছে। নির্দেশিকা অনুযায়ী আগামীকাল দুপুর ২টা থেকে উজ্জয়ন্ত প্যালেস সংলগ্ন লায়ন্স গেট থেকে দশমীঘাট ভায়া জ্যাকসন গেইট, কামান চৌমুহনী, সূর্য চৌমুহনী, পোস্ট অফিস চৌমুহনী, প্যারাডাইস চৌমুহনী এবং বটতলা পর্যন্ত এলাকাকে দুর্গা প্রতিমা বিসর্জনের জন্য ব্যবহার করা হবে যতক্ষণ পর্যন্ত না পুরো প্রক্রিয়া সম্পন্ন হয়। এর ফলে শহরের বেশ কিছু স্থানে আগামীকাল সাময়িক সময়ের জন্য নো-এন্ট্রি

বলবৎ থাকবে| স্থানগুলি হল: নাগেরজলা, বটতলা, দশমীঘাট, জয়পুর, আগন্তক ক্লাব, জয়নগর অফিস লেন, ফায়ার সার্ভিস চৌমুহনী, আইজিএম চৌমুহনী, বীরেন্দ্র ক্লাব, গান্ধীঘাট। তাছাড়া, আর এম এস চৌমুহনী, মধ্যপাড়া রোড, ওরিয়েন্ট চৌমুহনী, জ্যাকশন গেইট, গোলবাজার, লালমাইট্যা ক্রসিং, নেতাজী চৌমুহনী, পুরনো মোটর স্ট্যান্ড, গণরাজ চৌমুহনী, মহিলা কলেজ, টাউন হল, রবীন্দ্র ভবন ক্রসিং, বি কে চৌমুহনী ইত্যাদি স্থানেও 'নো-এন্ট্রি' বলবৎ থাকবে।

**************************

**Puja immersion:**

রাজ্যে গতকাল থেকে আজ সন্ধ্যা পর্যন্ত এক হাজার ৬৫৩ টি প্রতিমা নিরঞ্জন করা হয়েছে। পুলিশ সদর দপ্তর জানিয়েছে, পশ্চিম জেলায় ৪৯৪ টি, সিপাহিজলায় ১৩৪ টি, গোমতী জেলায় ১৩৭ টি, দক্ষিণ ত্রিপুরায় ১২২ টি, উত্তর ত্রিপুরায় ১৯৭ টি, ঊনকোটিতে ১১৯ টি, ধলাই-এ ১৫৯ টি, খোয়াই জেলায় ২৯১ টি প্রতিমা নিরঞ্জন করা হয়েছে।

**************************

**Immersion- South:**

গতকাল দশমীর রাতে বিলোনিয়ার বিদ্যাপীঠ মাঠ, বাইখোড়া ও শান্তিরবাজার স্কুল মাঠে হয় দশেরা উৎসব। বাইখোড়া ও শান্তিরবাজারের অনুষ্ঠানে উপস্হিত ছিলেন সাংসদ বিপ্লব কুমার দেব, বাইখোড়া ইসকনের প্রধান পরিচালক করুনেশ্বর মাধব দাস ব্রহ্মচারী প্রমুখ। জেলাশাসক মহম্মদ সাজ্জাদ পি জানিয়েছেন, দক্ষিণ জেলার বিভিন্ন দশমীঘাটগুলিতে আজও প্রতিমা নিরঞ্জন চলছে|

**************************

**PM- Maan Ki Baat:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর মাসিক রেডিও অনুষ্ঠান, মন কি বাত, আজ ১১ বছর পূর্ণ করেছে। ২০১৪ সালের ৩রা অক্টোবর বিজয়াদশমীতে মন কি বাত এর প্রথম পর্ব সম্প্রচারিত হয়েছিল। সম্প্রতি, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, অনুষ্ঠানের ১২৬তম পর্বে দেশবাসীর সঙ্গে তাঁর মতামত বিনিময় করেছেন।

এই অনুষ্ঠানটি কেবলমাত্র একটি রেডিও অনুষ্ঠান নয়, এটা সাংস্কৃতিক এবং সামাজিক রূপান্তরের প্রতীক, যা দেশের প্রতিটি কোণের প্রতিটি মানুষের কাছে পৌঁছেছে। অনুষ্ঠানের মধ্য দিয়ে সরকার এবং নাগরিকদের মধ্যে সরাসরি আলাপের এক যোগসূত্র স্থাপিত হয় যা সামাজিক পরিবর্তনকে অনুপ্রাণিত করে এবং জাতীয় ঐক্যকে শক্তিশালী করে। শুধুমাত্র সরকারী নীতিগুলির বাস্তবায়নকে গণ আন্দোলনে রূপান্তরিত করা নয়, সেই সঙ্গে কীভাবে একজন নেতার কণ্ঠস্বর দেশের প্রতিটি অংশে পৌঁছাতে পারে তার এক দৃষ্টান্ত এই 'মন কি বাত' অনুষ্ঠান।

**************************

**GST reforms -automobile:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ঘোষিত জিএসটি সাশ্রয় উৎসব গত মাসের ২২ তারিখে শুরু হয়েছে, যা সমাজের সকল শ্রেণীর মানুষের জন্য উপকারী। পরবর্তী প্রজন্মের জিএসটি সংস্কার দেশের পরোক্ষ কর ব্যবস্থাকে সহজ করার দিকে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। বিভিন্ন পণ্য ও পরিষেবার উপর করের হার কমিয়ে এই সংস্কারগুলি নাগরিকদের জন্য ব্যাপক স্বস্তি বয়ে আনছে।

একটি প্রতিবেদন............

##########v/o###########

**************************

**ISSA:**

সামাজিক নিরাপত্তায় অসাধারণ সাফল্যের জন্য ভারতকে মর্যাদাপূর্ণ আন্তর্জাতিক সামাজিক নিরাপত্তা সংস্থা পুরস্কারে ভূষিত করা হয়েছে। আজ মালয়েশিয়ার কুয়ালালামপুরে ISSA অর্থাৎ বিশ্ব সামাজিক নিরাপত্তা ফোরামে কেন্দ্রীয় শ্রম ও কর্মসংস্থান মন্ত্রী ডঃ মনসুখ মান্ডভিয়া পুরস্কার গ্রহণের পর বলেন, এই পুরস্কার প্রতিটি নাগরিকের জন্য সামাজিক কল্যাণ নিশ্চিত করার ক্ষেত্রে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর প্রচেষ্টার প্রমাণ। তিনি তার বক্তব্য ভারতের শক্তিশালী ডিজিটাল পাবলিক অবকাঠামোর উপর আলোকপাত করেন।

*************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

*************************

**PM to inaugurated initiative:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল সকাল ১১ টায় নতুন দিল্লির বিজ্ঞান ভবনে ৬২,000 কোটি টাকারও বেশি মূল্যের বিভিন্ন যুব-কেন্দ্রিক উদ্যোগের সূচনা

করবেন। আজ প্রধানমন্ত্রীর কার্যালয় জানিয়েছে, →প্রধানমন্ত্রী একটি কেন্দ্রীয় প্রকল্প, পিএম-সেতু চালু করবেন। এই প্রকল্পে ২00টি হাব আইটিআই এবং ৮00টি স্পোক আইটিআই সমন্বিত একটি হাব-এন্ড-স্পোক মডেলে দেশজুড়ে ১,000টি সরকারি আইটিআই-কে আপগ্রেড করার পরিকল্পনা করা হয়েছে।

*************************

**FM-Indian Economy:**

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন বলেছেন, ভারতীয় অর্থনীতি স্থিতিশীল ও সুস্থায়ীভাবে বৃদ্ধি পাচ্ছে| আজ নতুন দিল্লিতে কৌটিল্য অর্থনৈতিক সম্মেলন ২০২৫-এর উদ্বোধনী অনুষ্ঠানে তিনি একথা বলেন| তিনি আরও বলেন, ভারতের প্রবৃদ্ধি দৃঢ়ভাবে অভ্যন্তরীণ মৌলিক বিষয়গুলির উপর নিহিত, যদিও বিশ্বব্যাপী অস্থিরতা এবং পরিবর্তনশীল আন্তর্জাতিক নিয়ম বিশ্ব অর্থনৈতিক ব্যবস্থাকে পুনর্নির্ধারণ করে।

*************************

**Online Gaming:**

কেন্দ্রীয় সরকার অনলাইন গেমিং নীতিমালা, ২০২৫-এর খসড়া প্রচার ও নিয়ন্ত্রণের উপর জনসাধারণের মতামত আহ্বান করেছে। খসড়া নীতিমালায় অনলাইন গেমগুলির স্বীকৃতি, শ্রেণীবিভাগ এবং নিবন্ধন, অনলাইন সোশ্যাল গেম এবং  ই-স্পোর্টসের প্রচারের জন্য নিয়ন্ত্রন পরিকাঠামোর ব্যবস্থা করা হয়েছে, যার মধ্যে রয়েছে অনলাইন গেমিং কর্তৃপক্ষের ক্ষমতা এবং কার্যাবলী। এর মাধ্যমে নিবন্ধন স্থগিত বা বাতিল, অ-সম্মতির বিরুদ্ধে জরিমানা আরোপ, অভিযোগ নিষ্পত্তির সুযোগ রয়েছে।

*************************

**Charyapada Durgotsab Samiti:**

দুর্গাপুজো শুধু ঢাক, ঢোল, কাসর, পুরোহিত, প্রতিমা, ভোগ, প্রসাদই নয়| পুজো এক অন্যরকম সম্মিলনের সুযোগ এনে দেয়| সারা বছর চূড়ান্ত সফল পেশাদার জীবনের ব্যস্ততার মধ্যে এই সুযোগ কাজে লাগিয়ে এক জায়গায় সমবেত হয়েছিলেন রাজ্যের বিভিন্ন জায়গা তো বটেই, দেশ বিদেশের গুরুত্বপূর্ণ জায়গায় কাজ করা এক নামী স্কুলের প্রাক্তনীরা| মাটির টানে ফিরে এসেছিলেন দক্ষিণ আনন্দনগরের ঋষি কলোনী সংলগ্ন চর্যাপদ দুর্গোৎসব সমিতির পুজো আয়োজনে|

একটি প্রতিবেদন.............

############v/o############

*************************

**State WAKF Board:**

ভারত সরকারের "প্রধানমন্ত্রী জন বিকাশ কার্যক্রম"এর অধীনে আগরতলা'র শিক্ষাভবন সংলগ্ন স্থানে দ্বিতীয় আবুল কালাম আজাদ পান্থনিবাস গড়ে তুলতে উদ্যোগ নেওয়া হয়েছে। এজন্য কেন্দ্রীয় সরকারের সংখ্যালঘু বিষয়ক মন্ত্রকে ১৭ কোটি ৬0 লক্ষ টাকার প্রস্তাব পাঠানো হয়েছে।

রাজ্য ওয়াকফ বোর্ডের চেয়ারম্যান মবস্বর আলি আজ কৈলাশহরে আমাদের ঊণকোটি জেলার প্রতিনিধি অনুপম ভট্টাচার্যকে একান্ত সাক্ষাৎকারে একথা জানান। তিনি জানান, আগরতলা'র অফিস লেনস্থিত বর্তমান আবুল কালাম পান্থনিবাসের সংস্কার সাধনেও উদ্যোগ গ্ৰহণ করা হয়েছে। তিনি জানান, ওয়াকফ বোর্ডের জন্য চলতি অর্থ বছরে বরাদ্দ করা হয়েছে ১ কোটি ২0 লক্ষ টাকা। গত অর্থবছরে বরাদ্দের পরিমান ছিল ৬৬ লক্ষ টাকা|

তিনি আরও জানান, ওয়াকফ বোর্ডের নিজস্ব আয় বৃদ্ধির জন্য প্রাথমিক প্রক্রিয়া শুরু করেছে। সংখ্যালঘু অংশের দ্বিতীয় থেকে পঞ্চম শ্রেণী পাঠরত শিক্ষার্থীদের

বাৎসরিক একহাজার টাকা বৃত্তি প্রদান করছে রাজ্য ওয়াকফ বোর্ড। রাজ্যের ১ হাজার ৮৯৯ টি ওয়াকফ সম্পত্তি রক্ষণাবেক্ষণ ও উন্নতিবিধানের কাজ চলছে বলে চেয়ারম্যান মবস্বর আলি জানান|

*************************

**Landslide-Jampui:**

কাঞ্চনপুর থেকে জম্পুই হিলে যাওয়ার সড়কে ধ্বস নেমে সম্পুর্ন বিচ্ছিন্ন হয়ে পড়েছে যান চলাচল। গতকাল দিনভর ভারী বৃষ্টিপাতের কারণে কাঞ্চনপুর - জম্পুই হিল জাতীয় সড়কের মাঝে ৩টি স্থানে ধ্বস নামে| এর ফলে জম্পুই হিলে অবস্থানরত বহু পর্যটক অসুবিধায় পড়েন| প্রশাসন যুদ্ধকালীন তৎপরতায় ধ্বস পরিস্কারের কাজ করেছে।

*************************

**Weather:**

আগামী ২৪ ঘন্টায় পশ্চিম জেলা, সিপাহীজলা ও দক্ষিণ জেলাতে ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন তাপমাত্রা ২৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন তাপমাত্রা ২৪ ডিগ্রি সেলসিয়াস।

*************************

*************************